রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৩, ২০১৮

[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১২ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ০৯.০০.০০০০.২২৫.৩১.০০৬.২০১৭-৭১০—বাংলাদেশের স্বল্পোন্নত দেশের (এলডিসি) শ্রেণি থেকে উত্তরণের রোডম্যাপ বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত কার্যক্রম পরিবীক্ষণের (মনিটরিং) জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপভাবে একটি 'জাতীয় টাস্কফোর্স' গঠন করেছে :

২। জাতীয় টাস্কফোর্স-এর গঠন :

| | | | |
|---|---|---|---|
| (১) | মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয় | - | সভাপতি |
| (২) | সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ | - | সদস্য |
| (৩) | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | - | সদস্য |
| (৪) | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| (৫) | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | - | সদস্য |
| (৬) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | - | সদস্য |
| (৭) | সচিব, অর্থ বিভাগ | - | সদস্য |
| (৮) | নির্বাহী সদস্য, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) | - | সদস্য |
| (৯) | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যূরো | - | সদস্য |
| (১০) | অতিরিক্ত সচিব (ডিই উইং), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | - | সদস্য-সচিব |



মূল্য ঃ টাকা ৪.০০

৩। **জাতীয় টাস্কফোর্স-এর কার্যপরিধি :**

(ক) বাংলাদেশের স্বল্পোন্নত দেশের (এলডিসি) শ্রেণি থেকে উত্তরণের লক্ষ্যে রোডম্যাপ বাস্তবায়নে অগ্রাধিকার নির্ধারণ, বাস্তবায়ন অগ্রগতি পর্যলোচনা এবং সম্ভাবনা ও সীমাবদ্ধতা নিবিড়ভাবে পরিবীক্ষণ;

(খ) স্বল্পোন্নত দেশের (এলডিসি) শ্রেণি থেকে উত্তরণের প্রভাব মূল্যায়ন (Impact Assessment) সংক্রান্ত কার্যক্রম/গবেষণা কর্মের তত্ত্বাবধান;

(গ) উপরোক্ত ক ও খ-এর আলোকে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং সময়োপযোগী ও প্রাসঙ্গিক সিদ্ধান্ত গ্রহণ;

(ঘ) জাতীয় টাস্কফোর্স প্রয়োজনে উপযুক্ত সদস্য অন্তর্ভুক্ত (কো-অপ্ট) করতে পারবে;

(ঙ) জাতীয় টাস্কফোর্স প্রয়োজন অনুসারে সভায় মিলিত হবে।

৪। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ডেভেলপমেন্ট ইফেক্টিভনেস (ডিই) অনুবিভাগ জাতীয় টাস্কফোর্সকে সাচিবিক সহায়তা প্রদান করবে। এ ছাড়া বাংলাদেশে Istanbul Programme of Action (IPoA) বাস্তবায়ন ও পরিবীক্ষণে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গঠিত উপ-কমিটি জাতীয় টাস্কফোর্স-কে কার্যক্ষেত্রে সহায়তা প্রদানের জন্য অতিরিক্ত দায়িত্ব পালন করবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মনোয়ার আহমেদ**

অতিরিক্ত সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd